বিষয় কোড | ২ | ৬ | ৯

# এইচ এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় ঃ পৌরনীতি ও সুশাসন ১ম পত্র (সৃজনশীল)

**সময় ঃ ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**[ নিচের উদ্দীপকগুলো পড় এবং যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। ]**

১। সেজুতি এ বছর একাদশ শ্রেণিতে ভর্তি হবে। ভবিষ্যতে সে রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে পড়াশুনা করতে চায়। তার স্কুলশিক্ষক তাকে একাদশ শ্রেণিতে পাঠ্যবিষয় হিসেবে পৌরনীতি নিতে বলেছে। তিনি সেজুতিকে বলেছেন যে, পৌরনীতি পাঠ করলে তুমি নাগরিকতা, রাষ্ট্র, সংবিধান সম্পর্কে এবং তোমার দেশের সঠিক রাজনৈতিক ইতিহাস সম্পর্কেও জানতে পারবে।

ক. নাগরিকতার সাথে জড়িত সকল প্রশ্ন সম্পর্কে যে শাস্ত্র আলোচনা করে তাই পৌরনীতি– উক্তিটি কার? ১

খ. পৌরনীতিকে নাগরিকতা বিষয়ক বিজ্ঞান বলা হয় কেন? ২

গ. পৌরনীতি পাঠ করলে সেজুতি কী কী বিষয় জানতে পারবে? ৩

ঘ. 'পৌরনীতি পাঠ করলে সেজুতি এদেশের সঠিক রাজনৈতিক ইতিহাস জানতে পারবে'– উক্তিটি ব্যাখ্যা কর। ৪

২। চিত্র দুটি দেখ এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।


চিত্র-১


চিত্র-২

ক. পারিবারিক কাঠামোর ভিত্তিতে ২ নম্বর চিত্র কী ধরনের পরিবার? ১

খ. ১ নম্বর চিত্রের পরিবারটির ধরন বর্ণনা কর। ২

গ. তোমার পরিবারের অর্থনৈতিক কাজের একটি তালিকা তৈরি কর। ৩

ঘ. ১ নম্বর ও ২ নম্বর চিত্রে প্রদর্শিত পরিবার ব্যবস্থা একদিন ভেঙে পড়বে– তুমি কি এ বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৩। অমিত বাংলাভাষী। তার মতো তার দেশের অন্যরাও বাংলা ভাষায় কথা বলে। ২১ ফেব্রুয়ারি, ২৬ মার্চ, ১৬ ডিসেম্বরে সারাদেশের মানুষ অমিতের মতোই বিশেষ চেতনায় উদ্বুদ্ধ হয়। একই ভৌগোলিক সীমানায় বসবাসকারী বাংলা ভাষাভাষী মানুষ নিজেদেরকে অন্য জাতি থেকে পৃথক মনে করে।

ক. আইনের শাসন কী? ১

খ. মানুষকে সামাজিক জীব বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে অমিতের জাতীয়তার যে উপাদানগুলো ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত জাতীয়তার উপাদানসমূহ ব্যতীত জাতীয়তার আরও উপাদান আছে"– ব্যাখ্যা কর। ৪

৪। 'B' একটি দ্বীপ। এ দ্বীপে মানুষের বসতি ছিল না। এক সময় অন্য একটি দ্বীপ দেশ থেকে কিছু সংখ্যক মানুষ এসে বসবাস শুরু করে। দ্বীপে বসবাসকারী মানুষের মধ্যে স্বার্থপরতা, আত্মকেন্দ্রিকতা ও কলহপ্রিয়তা বিরাজ করত। কেউ কাউকে বিশ্বাস করত না। শাসন করার জন্য কোনো কর্তৃপক্ষ ছিল না। এক সময় দ্বীপের মানুষের মধ্যে এ উপলব্ধি হলো যে, এভাবে চলতে থাকলে তাদের অস্তিত্ব বিপন্ন হবে। অবশেষে দ্বীপের জনগণ নিজেদের মধ্যে বোঝাপড়ার মাধ্যমে 'Y' কে তাদের শাসক মনোনীত করে।

ক. "শক্তি নয়, ইচ্ছাই রাষ্ট্রের ভিত্তি"– উক্তিটি কার? ১

খ. রাজনৈতিক চেতনা রাষ্ট্র সৃষ্টিতে কীভাবে ভূমিকা রাখে? ২

গ. উদ্দীপকে 'B' দ্বীপের ঘটনাটি রাষ্ট্রের উৎপত্তির কোন দার্শনিকের মতবাদের সাথে মিল রয়েছে? বর্ণনা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাটি রুশোর মতবাদের সাথে যে সকল দিক থেকে বৈসাদৃশ্য রয়েছে তা বিশ্লেষণ কর। ৪

৫। তাহসিনের বাবা-মা যুক্তরাষ্ট্রের একটি প্রতিষ্ঠানে চাকরি করেন। তাহসিন যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণ করেছেন। দেশের টানে তারা কয়েক বছর পরপর বাংলাদেশে বেড়াতে আসেন। তাহসিন তার দাদার কাছে দেশের কথা শুনতে শুনতে ভালোবেসে ফেলেছে। তিনি সিদ্ধান্ত নিয়েছে বড় হয়ে চিকিৎসক হয়ে বাংলাদেশে চিকিৎসা সেবা দেবেন এবং সকলের সহযোগিতায় একটি আধুনিক হাসপাতাল গড়ে তুলবেন।

ক. নাগরিকতা অর্জনের পদ্ধতি প্রধানত কত প্রকার? ১

খ. নাগরিকতা বলতে কী বোঝ? ২

গ. তাহসিন কীভাবে দ্বৈত নাগরিকত্ব লাভ করল? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের তাহসিনকে সুনাগরিক বলার পক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

৬। সালমা ও ময়না দুই বোন একই ক্লাসে পড়ে। রাতে পড়ার সময় তারা সরকারের শ্রেণিবিভাগ নিয়ে আলোচনা করছিল। সালমা বলল, বিশ্বে যত ধরনের সরকার আছে এদের মধ্যে গণতান্ত্রিক সরকার সবচেয়ে ভালো। সালমার কথা শেষ না হতেই ময়না বলে ওঠে, গণতন্ত্রকে সফল করতে না পারলে এর আসল উদ্দেশ্যই ব্যর্থ হতে পারে।

ক. গণতন্ত্র কী? ১

খ. গণতন্ত্র কেন বিশ্বে জনপ্রিয় হয়ে উঠেছে? ২

গ. সালমা ও ময়নার বক্তব্যের আলোকে আধুনিক সরকারের শ্রেণিবিভাগটি ছকের মাধ্যমে দেখাও। ৩

ঘ. "গণতন্ত্রকে সফল করে তুলতে হলে অবশ্যই কতকগুলো শর্ত পালন করা উচিত"– অনুচ্ছেদের আলোকে উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৭। কলেজের বার্ষিক আলোচনা সভায় অধ্যক্ষ মুখলেছুর রহমান সাহেব বক্তব্য রাখছিলেন। এক পর্যায়ে তিনি বলেন, আমি কখনও ক্ষমতা কেন্দ্রীকরণের পক্ষে নই। আমি জানি, ক্ষমতা যতই কেন্দ্রীকরণ করব এ কলেজে শিক্ষার মান ততই খারাপ হবে। তার চেয়ে আসুন সকলে ক্ষমতা ভাগাভাগি করে নিই আর কলেজের উন্নতি করি। এভাবে অধ্যক্ষ সাহেব ব্যাপক আলোচনা করেন। ফলে অধ্যক্ষের মূল বক্তব্য বুঝতে কারও বাকি থাকল না।

ক. ক্ষমতা কেন্দ্রীকরণ কী? ১

খ. ক্ষমতা বিকেন্দ্রীকরণ করা হয় কেন? ২

গ. অধ্যক্ষ সাহেব ক্ষমতা কেন্দ্রীকরণের পক্ষে-বিপক্ষে যেসব যুক্তি দেখিয়েছেন বলে মনে কর সেগুলো ব্যাখ্যা কর। ৩

ঘ. বিকেন্দ্রীকরণের পক্ষে অধ্যক্ষ সাহেব সম্ভাব্য যেসব যুক্তি প্রদর্শন করেছেন সেগুলো পর্যালোচনা কর। ৪

৮। শাওন একজন শিক্ষার্থী। সে ছাত্র রাজনীতির সাথে জড়িত। দীর্ঘদিন রাজনীতি করলেও তার মাঝে রাজনৈতিক সামাজিকীকরণ ঘটে নি। শুধু শাওন নয়, আমাদের গোটা সমাজে রাজনৈতিক সামাজিকীকরণের অভাব আমরা লক্ষ করি। শাওনের বাবা আনিস আলমগীর শাওনকে এ ব্যাপারে সদুপদেশ দেন। তিনি বলেন, গণতন্ত্রসহ সকল দলের রাজনৈতিক ব্যবস্থায় রাজনৈতিক দলের গুরুত্ব অপরিসীম। প্রতিটি রাজনৈতিক দলের উচিত দলীয় কর্মীদের রাজনৈতিক দীক্ষাদানের মাধ্যমে রাজনৈতিক সামাজিকীকরণে ভূমিকা পালন করা।

ক. রাজনৈতিক সামাজিকীকরণ কী? ১

খ. সমাজতন্ত্রে রাজনৈতিক দল গুরুত্বপূর্ণ কেন? ২

গ. রাজনৈতিক দলগুলো কীভাবে শাওনের ন্যায় কর্মীদের রাজনৈতিক সামাজিকীকরণে ভূমিকা পালন করবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. "গণতন্ত্রে রাজনৈতিক দলের ভূমিকা অপরিসীম।"– শাওনের পিতার এ উক্তিটি কতটা যথার্থ? আলোচনা কর। ৪

৯। মফস্বল এলাকার তরুণ সাফওয়ান। শিক্ষাদীক্ষায় পিছিয়ে পড়া যুবসমাজকে নিয়ে তার যত চিন্তাভাবনা। আর চিন্তাচেতনা থেকেই সে এলাকার তরুণদেরকে নিয়ে গড়ে তোলে একটি যুব সংগঠন। এ সংগঠনের আওতায় সে একটি পাঠাগারও প্রতিষ্ঠা করে। সাফওয়ানের নেতৃত্বে গড়ে ওঠা যুব সংগঠন ও পাঠাগারটি এলাকার যুবসমাজকে যে আশার আলো দেখিয়েছে, তা সকলের নিকট প্রশংসাযোগ্য। সাফওয়ানের নেতৃত্ব যুবসমাজের জন্য যেন এক অনুকরণীয় দৃষ্টান্ত।

ক. এইচ. এ. ডানেল (H. A. Dunnell)-এর মতে, নেতৃত্ব কী? ১

খ. নেতৃত্ব বলতে কী বোঝায়? ২

গ. একজন নেতা হিসেবে সাফওয়ানের নেতৃত্বের কী কী বৈশিষ্ট্য রয়েছে? যেকোনো ৬টি বৈশিষ্ট্য চিহ্নিত কর। ৩

ঘ. নেতৃত্ব কেন গুরুত্বপূর্ণ উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

